

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৭৯

৩/ যাকাত (১৯১১)। (১৯১১)

পরিচ্ছেদঃ ৪. চরণভূমিতে স্বাধীনভাবে বিচরণশীল পশুর যাকাত।

باب فِي زَكَاةِ السَّائِمَةِ

## আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ هِلاَلِ بْنِ خَبَّابِ، عَنْ مَيْسَرَةَ أَبِي صَالِحٍ، عَنْ سُويْدِ بْنِ غَفَلَةَ، قَالَ سِرْتُ أَوْ قَالَ أَخْبَرنِي مَنْ، سَارَ مَعَ مُصَدِّقِ النَّبِيِّ صلى الله عليه وسلم فَإِذَا فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ لاَ تَأْخُذْ مِنْ رَاضِعِ لَبَنِ وَلاَ تَجْمَعْ فَإِذَا فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ لاَ تَأْخُذُ مِنْ رَاضِعِ لَبَنِ وَلاَ تَجْمَعْ بَيْنَ مُجْتَمِع أَ. وَكَانَ إِنَّمَا يَأْتِي الْمِيَاهَ حِينَ تَرِدُ الْغَنَمُ فَيَقُولُ أَدُّوا بَيْنَ مُخْتَرِقٍ وَلاَ تُفَرِّقُ بَيْنَ مُجْتَمِع أَ. وَكَانَ إِنَّمَا يَأْتِي الْمِيَاهَ حِينَ تَرِدُ الْغَنَمُ فَيَقُولُ أَدُّوا مَدَقَات أَمْوَالِكُمْ . قَالَ فَعَمَدَ رَجُلُ مِنْهُمْ إِلَى نَاقَةٍ كَوْمَاءً \_ قَالَ \_ قُلْتُ يَا أَبًا صَالِحٍ مَا الْكَوْمَاءُ قَالَ عَظِيمَةُ السَّنَامِ \_ قَالَ \_ قَالَ \_ قَالَ \_ قَالَ \_ قَالَ \_ قَالَ لِيِّي أَدُوا الْكَوْمَاءُ قَالَ عَظِيمَةُ السَّنَامِ \_ قَالَ \_ قَالَ \_ قَالَ يَقْبَلَهَا قَالَ إِنِّي أُحِبُ أَنْ تَأْخُذَ خَيْرَ إِبِلِي . قَالَ فَخَطَمَ لَهُ أُخْرَى دُونَهَا فَأَبَى أَنْ يَقْبَلَهَا تُأَنْ يَقْبَلَهَا تُمْ خَطَمَ لَهُ أُخْرَى دُونَهَا فَأَبَى أَنْ يَقْبَلَهَا تُمْ خَطَمَ لَهُ أُخْرَى دُونَهَا فَقَالَ إِنِي آخِدُهَا وَقَالَ إِنَّ الْعَلَى الله عليه وسلم يَقُولُ لِي عَمَدْتَ إِلَى رَجُلُ فَتَخَيَّونَ قَالَ أَنْ يُونَ وَلَوْهَ وَرَوَاهُ هُشَيْمٌ عَنْ هِلاَلِ بْنِ خَبَّابٍ عَلَى اللهَ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهَ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى الله عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى الله عَلَى الله عَلَى الله عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى الله عَلَى الله عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ ا

## বাংলা

১৫৭৯. মুসাদ্দাদ (রহঃ) ..... সুওয়ায়েদ ইব্ন গাফালাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি স্বয়ং সফর করেছি অথবা তিনি বলেন, যে ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যাকাত আদায়কারীর সাথে সফর করেছেন তিনি আমার নিকট বর্ণনা করেছেন যে, তার নিকট নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একখানি পত্র আছে যাতে লিখিত ছিলঃ দুগ্ধপোষ্য বাচ্চার যাকাত গ্রহণ করতে হবে না এবং বিচ্ছিন্নভাবে বিচরণকারী পশুকে একত্রিত করবে না এবং একত্রে বিচরণকারী পশুকেও বিচ্ছিন্ন করবে না।

রাবী বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর যাকাত উসুলকারী কর্মকর্তা মেশ পালের পানি পান করাবার স্থানে উপস্থিত থাকতেন এবং বলতেনঃ তোমরা তোমাদের মালের যাকাত প্রদান কর। অতঃপর তাদের এক ব্যক্তি একটি কাওমা 'যাকাতস্বরূপ দিতে চাইল। রাবী বলেন, আমি তাকে (মায়সারাকে) জিজ্ঞাসা করি,



কাওমা কাকে বলে? তিনি বলেন, তা হল উঁচু কুজ বিশিষ্ট উদ্ভি। যাকাত আদায়কারী তা গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন করে। উটের মালিক বলল, আমি পছন্দ করি যে, আপনি আমার উত্তম মাল যাকাত হিসাবে গ্রহণ করবেন। এতদসত্ত্বেও যাকাত উসুলকারী তা গ্রহণে তা গ্রহণে অসম্মতি জ্ঞাপন করে কেননা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তম মাল যাকাত হিসেবে গ্রহণ করতে নমেদ করেন।

অতঃপর সে ব্যক্তি অপর একটি উট (সামান্য নিম্ন মানের) টেনে আনলে যাকাত উসুলকারী তাও গ্রহণ করতে অস্বীকার করেন। অতঃপর সে ব্যক্তি অপর একটি উট (আরও নিম্ন মানের) টেনে তার সম্মুখে পেশ করলে সে তা কবুল করে এবং বলে, আমি এটা গ্রহণ করলাম। অতঃপর তিনি আরো বলেন, আমি এজন্য ভয় করেছিলাম যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমার উপর এজন্য রাগান্বিত হতে পারেন যে, তুমি এক ব্যক্তির উত্তম উট যাকাত হিসাবে কেন গ্রহণ করলে? (নাসাঈ, ইব্ন মাজা)।

## **English**

Suwayd ibn Ghaflah said:

I went myself or someone who accompanied the collector of the Prophet (ﷺ) told me: It was recorded in the document written by the Messenger of Allah (ﷺ) not to accept a milking goat or she-camel or a (suckling) baby (as zakat on animals); and those which are in separate flocks are not to be brought together, and those which are in one flock are not to be separated.

The collector used to visit the water-hole when the sheep went there and say: Pay the sadaqah (zakat) on your property. The narrator said: A man wanted to give him his high-humped camel (kawma'). The narrator (Hilal) asked: What is kawma', AbuSalih? He said: A camel a high hump.

The narrator continued: He (the collector) refused to accept it. He said: I wish you could take the best of my camels. He refused to accept it. He then brought another camel lower in quality than the previous one. He refused to accept it too. He then brought another camel lower in quality than the previous one. He accepted it, saying: I shall take it, but I am afraid the Messenger of Allah () might be angry with me, saying to me: You have purposely taken from a man a camel of your choice.

Abu Dawud said: This tradition has also been narrated by Hushaim from Hilal bin Khabbab to the same effect. But he said: Those which are in one flock are not to be separated.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু গাফালা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন